# নিউ ইয়র্ক স্টেট সদ্যজাত স্ক্রীনিং রোগী রেজিস্ট্রি
# (New York State Newborn Screening Patient Registry)

## একটি উজ্জ্বলতর ভবিষ্যতের জন্য আপনার অভিজ্ঞতা থেকে জানা



আপনার বাচ্চা নিউ ইয়র্ক স্টেট সদ্যজাত স্ক্রীনিং রোগী রেজিস্ট্রি (New York State Newborn Screening Patient Registry)-তে অংশগ্রহণ করার কারণে:

- স্বাস্থ্যসেবা প্রদানকারীরা সদ্যজাতের স্ক্রীনিং প্যানেলে রোগ এবং সর্বোত্তম চিকিৎসা সম্পর্কে জানতে পারবে।
- স্বাস্থ্যসেবা প্রদানকারীদের কাছে তাদের ক্লিনিকে তারা যত রোগীর চিকিৎসা করে তার চেয়েও বেশী সংখ্যক রোগীর জন্য তথ্যে প্রবেশাধিকার আছে।
- নিউ ইয়র্ক স্টেটে সদ্যজাতের স্ক্রীনিংয়ে উন্নতি করা যেতে পারে!

### অনুস্মারক

18 বছর বয়স পর্যন্ত আপনার বাচ্চা নথিভুক্ত হতে পারবে। যখন তার বয়স 18 বছর হয়ে যাবে, তখন থেকে 21 বছর বয়স পর্যন্ত রেজিস্ট্রিতে থাকা অব্যাহত রাখার জন্য আমরা তার অনুমতি নেব।

আপনি যে কোনো সময় আমাদের কাছে আপনার বাচ্চার সম্পর্কিত তথ্য সংগ্রহ বন্ধ করার অনুরোধ করতে পারেন। আপনার অনুরোধ গ্রহণের দিন থেকে আর তথ্য সংগ্রহ করা হবে না।

এছাড়াও আপনি প্রকল্প থেকে আপনার বাচ্চাকে প্রত্যাহার করে নিতে পারেন। ইতিমধ্যে সংগৃহীত তথ্য রেজিস্ট্রি থেকে সরানো হবে এবং আর কোনো তথ্য সংগ্রহ করা হবে না।

লিখিত অনুরোধ অবশ্যই ডাকযোগে এই ঠিকানায় পাঠাতে হবে বা ফ্যাক্স করতে হবে:

সদ্যজাত স্ক্রীনিং কর্ম সূচী
(Newborn Screening Program)
Wadsworth Center NYS স্বাস্থ্য দপ্তর (NYS Department of Health)
120 New Scotland Avenue
Albany, NY 12208

ফ্যাক্স: (518) 474-0405